



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ০২-১১-২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশন এর ব্যবস্থাপনায় আগামী ০৩-১১-২০২০ তারিখ হতে দেশের ৭টি আঞ্চলিক ভেন্যুতে যথাক্রমে- দিনাজপুর জেলা স্টেডিয়াম, নওগাঁ জেলা স্টেডিয়াম, লক্ষ্মীপুর জেলা স্টেডিয়াম, মাদারীপুর জেলা স্টেডিয়াম, রফিক উদ্দিন ভূইয়া স্টেডিয়াম-ময়মনসিংহ, বীর মুক্তিযোদ্ধা আহাদুজ্জামান স্টেডিয়াম-মাগুরা ও কুষ্টিয়া জেলা স্টেডিয়ামে ৪৯টি অ-১৪ জেলা ফুটবল দলকে নিয়ে পর্যায়ক্রমে 'জেএফএ অ-১৪ মহিলা জাতীয় ফুটবল চ্যাম্পিয়নশীপ ২০২০' এর খেলা অনুষ্ঠিত হতে যাচ্ছে। এ উপলক্ষে অদ্য ০২-১১-২০২০ তারিখ সোমবার বিকাল ৩:৩০ ঘটিকায় উক্ত চ্যাম্পিয়নশীপের বিভিন্ন বিষয়ে অবহিত করণের লক্ষ্যে এক সংবাদ সম্মেলন মতিঝিলস্থ বাফুফে ভবনে অনুষ্ঠিত হয়।

উক্ত সংবাদ সম্মেলন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফিফা কাউন্সিল মেম্বর ও বাফুফে এবং এএফসি সদস্য মাহফুজা আক্তার কিরণ, বাফুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ, বাফুফের Technical Director Mr. Paul Thomas Smalley, ক্রীড়া সংগঠক সৈয়দ রিয়াজুল করিম এবং স্পন্সর প্রতিষ্ঠান ওয়ালটন গ্রুপের পক্ষে উপস্থিত ছিলেন এক্সিকিউটিভ ডাইরেক্টর জনাব এফ এম ইকবাল বিন আনোয়ার ডন।

এবারের আসরসহ মোট ৬ বার এ প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হতে যাচ্ছে। বিগত আসরগুলো নিম্নোক্তভাবে অনুষ্ঠিত হয়েছেঃ

ক্রমিক	প্রতিযোগিতার বছর	চ্যাম্পিয়ন দল	রানার্স-আপ দল	অংশগ্রহণকারী দল
১	২০১৫	ময়মনসিংহ ফুটবল দল	টাঙ্গাইল ফুটবল দল	২৮
২	২০১৬	ময়মনসিংহ ফুটবল দল	টাঙ্গাইল ফুটবল দল	৪২
৩	২০১৭	ময়মনসিংহ ফুটবল দল	ঠাকুরগাঁও ফুটবল দল	৩৬
৪	২০১৮	টাঙ্গাইল ফুটবল দল	ঠাকুরগাঁও ফুটবল দল	৩৫
৫	২০১৯	রংপুর ফুটবল দল	ময়মনসিংহ ফুটবল দল	৩৯
৬	২০২০			৪৯

- ১। এ প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিটি দলকে পার্টিসিপেশন মানি হিসেবে ২০,০০০/- করে প্রদান করা হয়।
- ২। ৭টি আঞ্চলিক হোস্ট ভেন্যুকে ৩০,০০০/- টাকা করে অনুদান প্রদান করা হয়।
- ৩। অংশগ্রহণকারী প্রতিটি দলকে খেলার ম্যাচ বল প্রদান করা হয়।
- ৪। আঞ্চলিক ভেন্যুর ৭টি চ্যাম্পিয়ন দলকে ট্রফি প্রদান করা হবে।
- ৫। চূড়ান্ত পর্বের চ্যাম্পিয়ন ও রানার্স-আপ দলকে ট্রফি, মেডেল ও প্রাইজমানি প্রদান করা হবে। চ্যাম্পিয়ন দল ৫০,০০০/-, রানার্স-আপ দল ২৫,০০০/-, ফেয়ার প্রে দলকে ট্রফি, টুর্নামেন্টের সর্বোচ্চ গোলদাতা ট্রফি, টুর্নামেন্টের সেরা খেলোয়াড় ট্রফি, সেরা উদীয়মান খেলোয়াড়কে ট্রফি, সেরা আঞ্চলিক ভেন্যুকে ক্রেস্ট প্রদান করা হবে।
- ৬। উক্ত চ্যাম্পিয়নশীপের পৃষ্ঠপোষক প্রতিষ্ঠান পাওয়ার্ড বাই 'ওয়ালটন'।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।